

শ্রীশ্রীহরী সঙ্গীত

১১৫ নং তাল-রাগেটি

আর কবে ঘুটিবে গুরু, সাধন ভজন পৈশাচ বৃত্তি।
আমার সুখাভিলাষ, হবে বিনাশ গুরুপদে হবে আর্তি।।

১। নিষ্কাম বৃক্ষ মূলেতে যাব (হারে)
বিচ্ছেদ অগ্নিকুণ্ড জেলে বসিয়া রব।

চিন্তাভঙ্গ্য গায় মাখিব, কাঁদব বলে গুরুপতি।।
২। ধর্ম পুণ্য হবে বিসর্জন, কবে হবে গুরুপদে আত্ম সমর্পন।
আমার জ্ঞান পুরের হইবে মরণ, ঘটবে প্রেম অবলার রীতি।।

৩। কবে আমার, ঘুচবে শুচিবাই,
অঘোর পত্নী হয়ে সদা কাঁদিয়া বেড়াই।

সন্ধ্যা মুখে মাখিয়া ছাই, মধ্যাহ্নকে করিব স্থিতি।।
৪। কবে আমার ঘুচবে আমিত্ব, গুরুপদে মন মজাইয়া করিব নৃত্য।
হব গুরুপতির অনুগত জ্বলবে হৃদয় বিচ্ছেদ বাতি।।

৫। দয়াল মহানন্দ আনন্দ রবি,
কবে হৃদয় উদয় হবে বসে তাই ভাবি।
গোঁসাই তারকচাঁদ কয়, দেখতে পাবি, অশ্বিনী হ ছন্নমতি।।

১১৬ নং তাল-গড়খেমটা

আমায় কি স্বপ্ন দেখা'লে, গুরু কি স্বপ্ন দেখা'লে।

আমার সর্বস্ব ধন করে হরণ,
আজ আমার দেউলা নাম লেখায়ে দিলে।।

১। আমার দেহ জমি, রাজ্য ভূমি, বাকীর যায় নিলাম করিলে।
আমার বাস্তব বাড়ী নিলে কাড়ি,
আজ আমায় চিন্তাকাঙ্ক্ষা গলায় দিলে।।

২। আমার সাধন ভজন, ভ্রাতা দু'জন, রাজ্য হতে তাড়িয়ে দিলে।
আমার পুণ্য অর্থ, ছিল যত, আজ হ'তে খাস বাজারে লুটাইলে।।

৩। আমার সুখ সুন্দরী, বিলাস নারী, ছিলাম যাহার মায়ায় ভুলে।
আমার দুঃখের ভরা, দেকে তারা, সেও আমাকে গেল ফেলে।।